# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১৩. ৩. ওহীর মানবীয় ব্যাখ্যাকে ওহীর মান প্রদান রোধ

ব্যাখ্যা নির্ভর আকীদার ভয়ঙ্কর একটি দিক মানবীয় ব্যাখ্যাকে ওহীর মান প্রদান। ওহীর বক্তব্য অনুধাবনের জন্য অনেক সময় সাধারণ ব্যাখ্যা কিছুটা সহায়ক হয়। তবে এরূপ ব্যাখ্যা মানবীয় বুদ্ধিপ্রসূত কথা ছাড়া কিছুই নয়। অনুধাবন, শিক্ষাগ্রহণ ইত্যাদি প্রয়োজনে এগুলোর সহায়তা নেওয়া স্বাভাবিক। কিন্তু এরূপ ব্যাখ্যাকে ওহীর মতই দীন, ঈমান বা আকীদার বিষয়বস্তুতে পরিণত করা দীনের বিকৃতির অন্যতম কারণ। খৃস্টধর্মের বিকৃতির বিষয়টি অধ্যয়ন করলেই বিষয়টি সুস্পষ্ট হয়ে যায়। মুসলিম উম্মাহর বিভ্রান্ত দলগুলোর বিভ্রান্তির অন্যতম কারণ ‘তাফসীর’ বা ব্যাখ্যাকে ওহীর মান প্রদান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন